



বিশ্ব অটিজম সচেতনতা দিবস

অটিস্টিক শিশুদের সঙ্গে মাননীয় প্রধানমন্ত্রী

## বাবা মায়ের অবর্তমানে অটিস্টিক শিশুদের দায়িত্ব নেবে রাষ্ট্র : প্রধানমন্ত্রী

অটিস্টিক শিশুদের মেধা বিকাশে সবাইকে উদ্যোগী হওয়ার আহ্বান জানিয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অটিস্টিক আক্রান্তরা দেশের জন্য সুনাম বয়ে এনেছে উল্লেখ করে তিনি বলেন, অটিস্টিক শিশুদের পিতা-মাতার অবর্তমানে তাদেরকে লালন-পালনের জন্য রাষ্ট্রই দায়িত্ব নেবে।

গত ২ এপ্রিল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ব অটিজম সচেতনতা দিবস-২০১৬ উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ড. চৌধুরী মোঃ বাবুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মোজাম্মেল হোসেন এমপি। অটিজম ও স্নায়বিক সমস্যাযুক্ত জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ হোসেন জাতিসংঘে অটিজম বিষয়ক মূল অনুষ্ঠানে উপস্থিত থাকায় অনুষ্ঠানে তাঁর ধারণকৃত বক্তৃতা পরিবেশন করা হয়।

প্রধানমন্ত্রী নীল আলো জ্বালিয়ে প্রতিবন্ধী দিবসের কার্যক্রম উদ্বোধনের পাশাপাশি প্রতিবন্ধীদের পরিবেশনায় 'আলোর ভুবন' শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। প্রধানমন্ত্রী এ সময় প্রতিবন্ধী শিশুদের মাঝে গিয়ে তাদের সঙ্গে কুশল বিনিময় করেন।

অনুষ্ঠানে অটিস্টিকদের জন্য সরকারের নেয়া বিভিন্ন পদক্ষেপ তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি প্রত্যেক জেলা উপজেলায় একটি করে অটিজম চিহ্নিতকরণ ও চিকিৎসা কেন্দ্র স্থাপনে সরকারের পরিকল্পনার কথা ব্যক্ত করেন। দেশের ৬৪

জেলায় এবং ৩৯টি উপজেলায় ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র স্থাপন করা হয়েছে। এসব কেন্দ্রে অটিজম কর্নার চালু করা হয়েছে। যা থেকে প্রায় ২০ লাখ প্রতিবন্ধী সেবা গ্রহণ করছে। ঢাকায় শিশু হাসপাতালসহ ১৫টি মেডিকেল কলেজ হাসপাতালে ১৫টি শিশু বিকাশ কেন্দ্র স্থাপন করে অটিজম সমস্যাযুক্ত শিশুদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। পর্যায়ক্রমে প্রতিটি জেলায় এই সেবা দেয়ার উদ্যোগ নেয়া হবে। এছাড়া সেনানিবাসে 'প্রয়াস' নামে প্রতিবন্ধী বিদ্যালয় প্রতিষ্ঠার কথাও তুলে ধরেন তিনি। প্রতিবন্ধী ব্যক্তিদের সুরক্ষা আইন-২০১৩, নিউরো প্রতিবন্ধী ডেভেলপমেন্ট সুরক্ষা ট্রাস্ট আইন-২০১৩, অটিজম ব্যক্তিদের স্বার্থ সুরক্ষার জন্য নিউরো প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে বলে তিনি জানান।

পৃথিবীর বিখ্যাত কয়েকজন বিজ্ঞানী এবং মনীষী জন্মগতভাবে প্রতিবন্ধী থাকার পরেও স্বীয় প্রতিভা গুণে বিশ্ববরেণ্য হতে পেরেছেন উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, প্রতিবন্ধীরা কোন না কোন বিষয়ে বিশেষ মেধাসম্পন্ন হয়। আমরা যদি প্রতিবন্ধীদের মেধা বিকাশের সুযোগ দেই, তাহলে তারা সমাজকে অনেক কিছু দিতে পারে। এ সময়ে আন্তর্জাতিক পর্যায়ে অটিজম শিশুদের বাংলাদেশের হয়ে পদক জেতার উদাহরণ দেন তিনি। প্রধানমন্ত্রী উল্লেখ করেন, তিনি প্রতিবন্ধী শিশুদের আঁকা ছবিসংবলিত শুভেচ্ছা কার্ড বিভিন্ন উৎসবের সময় ব্যবহার করে থাকেন। অটিস্টিকদের লেখাপড়ার জন্য সরকারের প্রচলিত 'ব্রেইল' পদ্ধতির কথা উল্লেখ করে শেখ হাসিনা তাদের জন্য আলাদা সফটওয়্যার তৈরি করে কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারের সুযোগ তৈরির আহ্বান জানান।

### জন্য পাতায়

আমাদের কথা ২  
সমাজসেবা অধিদফতরের উপপরিচালক সম্মেলন ২  
সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর  
সঙ্গে কর্মকর্তাদের মতবিনিময় সভা ২  
পরিচিতি ৩  
শোকসংবাদ ৩

সমাজসেবা অধিদফতরে ডে কেয়ার সেন্টার ৪  
ফাইজার নতুন ঠিকানা ছোটমণি নিবাস ৪  
রোগী কল্যাণ মেলা ৪  
সাফল্যাগাঁথা ৫  
কর্মশালা ৬

প্রশাসনিক সংবাদ ৬  
এনডিডি অ্যাকশন প্ল্যান ৭  
প্রশিক্ষণ সংবাদ ৭  
মাননীয় প্রধানমন্ত্রী 'শেখ হাসিনার বিশেষ উদ্যোগ' ব্র্যাডিং ৮  
'বয়স্কভাতা' এবং 'বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা' কার্যক্রম ৮

